

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৮৮.২০-১০৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯  
০৮ জুন ২০২২

**বিষয়: বেগম খালেদা জিয়া মহাবিদ্যালয়, কলারোয়া, সাতক্ষীরা এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে জবাব প্রেরণ।**

সূত্র: (১) ৯৫-১৩৭/অডিট/ক-ত/২০১৬/৪৮৭; তারিখ: ২১/০৬/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

(২) ডিআইএ/সাতক্ষীরা/২১০৯-সি/খুলনা: ৭২৮৩; তারিখ: ০৮/০৬/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ২৪/০৬/২০১৫ খ্রি. সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন বেগম খালেদা জিয়া মহাবিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:


"জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রভাষক (ইসলামের ইতিহাস) ২৭-০৯-২০১২ তারিখে অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন। তিনি ২০০৮ সনে নিবন্ধন সনদ অর্জন করেন। অত্র অধিদপ্তর হতে স্মারক নং ডিআইএ/সাতক্ষীরা/২১০৯-সি/খুলনাঃ৫১৮৯; তারিখ: ২৪/০২/১৬ মোতাবেক নিবন্ধন সনদ এর সঠিকতা যাচাই এর জন্য চেয়ারম্যান, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ, নায়েম ক্যান্সাস, ধানমন্ডি, ঢাকায় পত্র প্রেরণ করা হয়। নিবন্ধন সনদ যাচাইয়াত্তে স্মারক নং বেশিনিক/শি.শি./সনদ যাচাই (সকল)/৫০৯/(অংশ-২)/২০১৫/৪১ খ্রি. ১৩/০৩/১৬ পত্রে উল্লেখ করেন জনাব মোঃ আমিনুল ইসলাম রোল ১০৫১০১৭৭, রেজিঃ ৮০০১০৭০৭/২০০৮ এর নিবন্ধন সনদটি সঠিক নয় (উত্তীর্ণ রোল নম্বরধারী অন্য ব্যক্তি)। নিবন্ধন সনদ সঠিক না থাকায় জনাব মোঃ আমিনুল ইসলাম এর নিয়োগ বিধিসম্মত হয়নি"

০২। এমতাবস্থায়, পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে দালিলিক প্রমাণসহ সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**অধ্যক্ষ**

বেগম খালেদা জিয়া মহাবিদ্যালয়, কলারোয়া, সাতক্ষীরা

[[দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রভাষক (ইসলামের ইতিহাস)]]

  
তারিখ: ০৮/০৬/২০২২

(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন: ০২৫৫১০৮১৭

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা
- ৭। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। অফিস কপি।